



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নং- ১৫০৮-৬/৩

আদেশ

তারিখ: ১১/১১/২০২৫

যেহেতু, জনাব মোঃ টিপু সুলতান ভূঁইয়া, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, সদর, লক্ষ্মীপুর এর বিরুদ্ধে তার নিজ ফেসবুক আইডি ব্যবহার বাংলাদেশের রাষ্ট্রীয় নিরাপত্তার হুমকি সম্পর্কে দেশ-বিদেশে অপপ্রচার পরিচালনা করার অপরাধে রামগঞ্জ থানার পুলিশ কর্তৃক বিগত ১৭.১১.২০১৫ গ্রেফতার করা হয়েছে এবং তাঁর বিরুদ্ধে লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ থানায় মামলা নং- ১৫, তারিখ: ০৮.০১.২০১৪ দায়ের করা হয়েছে। পুনরায় আসামী জনাব মোঃ টিপু সুলতান ভূঁইয়া এর বিরুদ্ধে লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ থানায় এফআইআর নং- ১৭, তারিখ: ১৮.১১.২০১৫ দায়ের করা হয়। তৎপ্রেক্ষিতে সমবায় অধিদপ্তরের ০২.০৩.২০১৬ তারিখের ৪০০-এ/৩ নং আদেশ মূলে বি এস আর পার্ট-১ এর ৭৩ বিধির নোট (২) মোতাবেক জনাব মোঃ টিপু সুলতান ভূঁইয়া, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, সদর, লক্ষ্মীপুর-কে গ্রেফতারের তারিখ অর্থাৎ ১৭.১১.২০১৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়।;

০২। যেহেতু, বিজ্ঞ সাইবার ট্রাইব্যুনাল, চট্টগ্রাম এর মামলা নং- ৯১/২১ (লক্ষ্মীপুর) এর আদেশ নং-২৩, তারিখ: ০৯.০৯.২০২৪ মূলে মহামান্য বিচারক (সিনিয়র জেলা ও দায়রা জজ), সাইবার ট্রাইব্যুনাল, চট্টগ্রাম কর্তৃক আসামী মোঃ টিপু সুলতান ভূঁইয়া-কে ফৌজদারী কার্যবিধি আইনের ২৬৫ H ধারামতে খালাস প্রদান করা হয়;

০৩। সেহেতু, জনাব মোঃ টিপু সুলতান ভূঁইয়া, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, সদর, লক্ষ্মীপুর-কে সমবায় অধিদপ্তরের আদেশ নং-৪০০-এ/৩, তারিখ: ০২.০৩.২০১৬ মূলে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহারপূর্বক স্থায় পদে চাকরিতে পুনর্বহাল করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তিনি বিধি মোতাবেক যাবতীয় আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক (অঃদাঃ)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৪৮১১৯৩০৫।
e-mail:reg.dg@coop.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৪.১৮.০০৯.১৬.পি ১৫০৮/১(৫)-৬/৩

তারিখ: ১১/১১/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

২। জেলা সমবায় অফিসার, লক্ষ্মীপুর।

৩। ডিস্ট্রিক্ট একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, লক্ষ্মীপুর।

৪। সহকারী প্রোগ্রামার, সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৫। জনাব মোঃ টিপু সুলতান ভূঁইয়া, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, সদর, লক্ষ্মীপুর।

৬। সংশ্লিষ্ট নথি।

১১/১১/২০২৫
মোহাম্মদ সফিকুল ইসলাম
উপ নিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
৫৫.